২০২৭ সালের এসএসসি পরীক্ষা নিয়ে নতুন সিদ্ধান্ত আসতে পারে: শিক্ষামন্ত্রী



শিক্ষামন্ত্রী এহসানুল হক মিলন। ছবি: সংগৃহীত

অভিভাবক ও শিক্ষার্থীদের মতামত এলে ২০২৭ সালের এসএসসি পরীক্ষার নির্ধারিত সময়সূচিতে আবারও পরিবর্তন আনা হতে পারে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন।

মঙ্গলবার (২ জুন) সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ তথ্য জানান।

শিক্ষামন্ত্রী বলেন, দায়িত্ব গ্রহণের পর থেকেই পাবলিক পরীক্ষার দীর্ঘসূত্রতা কমাতে কাজ করছে সরকার। এ লক্ষ্যেই শিক্ষা মন্ত্রণালয় বিভিন্ন অংশীজনের সঙ্গে একাধিক বৈঠক করেছে। আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়া হয়, ২০২৭ সালের এসএসসি পরীক্ষা রমজানের আগেই আয়োজন করা হবে।

বর্তমান পরিকল্পনা অনুযায়ী, আগামী বছরের এসএসসি পরীক্ষা ৭ জানুয়ারি থেকে শুরুর সম্ভাবনা রয়েছে। তবে পরীক্ষা আগেভাগে আয়োজনের সিদ্ধান্ত নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে নানা আলোচনা ও মতামত দেখা দিয়েছে।

মন্ত্রী আরও জানান, নির্ধারিত সময়ের মধ্যেই শিক্ষার্থীদের সিলেবাস সম্পন্ন করা হবে এবং প্রস্তুতিতেও কোনো ঘাটতি থাকবে না। বিষয়টি সম্পর্কে প্রধানমন্ত্রীও অবগত রয়েছেন। তবে শিক্ষার্থী ও অভিভাবকদের পক্ষ থেকে যৌক্তিক মতামত এলে সময়সূচি পুনর্বিবেচনার সুযোগ রয়েছে বলেও জানান তিনি।